# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৫২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতে ক্বিরাআতের বর্ণনা

## আরবী

وَرَوَاهُ ابْنُ مَاجَهْ عَنْ أَبِي هُرَيْرَةَ إِلَّا أَنه لم يذكر: «بعد الْمغرب»

## বাংলা

৮৫২-[৩১] এ হাদীসটি ইবনু মাজাহ আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণনা করেছেন, কিন্তু তার বর্ণনায় ”মাগরিবের পর” শব্দ নেই।[1]

## ফুটনোট

[1] সহীহ : ইবনু মাজাহ্ ১১৪৮।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (أَنَّه لَمْ يَذْكُرْ بَعْدَ الْمَغْرِبِ) ‘‘আবূ হুরায়রাহ্ (রাঃ)’র বর্ণনায় মাগরিবের পর শব্দ উল্লেখ নেই।’’ অর্থাৎ- আবূ হুরায়রাহ্ (রাঃ) এর বর্ণনাতে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাগরিবের পরের দু’ রাক্‘আতে অত্র সূরাদ্বয় পাঠ করার কথা উল্লেখ নেই। শুধুমাত্র ফাজরের (ফজরের) পূর্বের দু’ রাক্‘আত সুন্নাতে তা পাঠ করেছেন বলে উল্লেখ করেছেন। এ হাদীসটি ইমাম মুসলিম, আবূ দাঊদ এবং ইমাম নাসায়ীও বর্ণনা করেছেন। তবে ইবনু মাজাহ্ ইবনু মাস্‘ঊদ (রাঃ) থেকে হাদীস বর্ণনা করেছেন। তাতে মাগরিবের পরের দু’ রাক্‘আত সুন্নাতের কথা উল্লেখ আছে। অতএব তা মাগরিবের সুন্নাতেও পাঠ করা মুস্তাহাব।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55411

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন